

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৬১০

দোয়া-দুরুদ

পরিচ্ছেদঃ ২৭৪- অন্তর নিংড়ানো দোয়া।

## আরবী

حَدَّتَنَا حَدَّتَنَا عُمَرُ بْنُ حَفْصٍ ، قَالَ : حَدَّتَنَا أَبِي ، قَالَ : حَدَّتَنَا الْأَعْمَشُ ، قَالَ : حَدَّتَنِ مَالِكُ بْنُ الْحَارِثِ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ ، قَالَ : كَانَ الرَّبِيعُ يَأْتِي عَلْقَمَةً يَوْمَ الْجُمُعَةِ ، فَإِذَا لَمْ أَكُنْ ثَمَّةَ أَرْسَلُوا إِلَيَّ ، فَجَاءَ مَرَّةً وَلَسْتُ ثَمَّةَ ، فَلَقِيَنِي عَلْقَمَةُ ، وَقَالَ الْجُمُعَةِ ، فَإِذَا لَمْ أَكُنْ ثَمَّةَ أَرْسَلُوا إِلَيَّ ، فَجَاءَ مَرَّةً وَلَسْتُ ثَمَّةَ ، فَلَقِيَنِي عَلْقَمَةُ ، وَقَالَ لِي : " أَلَمْ تَرَ مَا جَاءَ بِهِ الرَّبِيعُ ؟ قَالَ : أَلَمْ تَرَ أَكْثَرَ مَا يَدْعُو النَّاسَ ، وَمَا أَقَلَّ إِجَابَتَهُمْ ؟ وَذَلِكَ أَنَّ اللَّه عَزَّ وَجَلَّ لَا يَقْبَلُ إِلَا النَّاخِلَةَ مِنَ الدُّعَاءِ ، قُلْتُ : أَو لَيْسَ قَدْ قَالَ ذَلِكَ عَبْدُ اللَّهِ ؟ قَالَ : وَمَا قَالَ ؟ قَالَ : قَالَ عَبْدُ اللَّهِ : لا يَسْمَعُ اللَّهُ مِنْ مُسْمِعٍ ، وَلا مُرَاءٍ ، وَلا عَبْدُ اللَّهِ ؛ قَالَ : فَذَكَرَ عَلْقَمَةَ ؟ قَالَ : نَعَمْ لا يَقْبُلُ إِلا النَّاجِلَةِ ، قَالَ : فَذَكَرَ عَلْقَمَةَ ؟ قَالَ : نَعَمْ اللَّهُ مِنْ مُسْمِعٍ ، وَلا مُرَاءٍ ، وَلا عِبْ الْعَبْ ، إِلَا دَاعٍ دَعَا يَثُبُتُ مِنْ قَلْبِهِ ، قَالَ : فَذَكَرَ عَلْقَمَةَ ؟ قَالَ : نَعَمْ

## বাংলা

৬১০। আবদুর রহমান ইবনে ইয়ায়ীদ (রহঃ) বলেন, রবী (রহঃ) প্রতি জুমুআর দিন আলকামা (রহঃ)-এর নিকট আসতেন। আমি তথায় উপস্থিত না থাকলে তারা আমার জন্য লোক পাঠিয়ে দিতেন। একদা রবী (রহঃ) এলেন। কিন্তু আমি তথায় উপস্থিত ছিলাম না। তাই আলকামা (রহঃ) আমার সাথে সাক্ষাৎ করে আমাকে বলেন, তুমি কি দেখেছা রবী কি নিয়ে এসেছে? তিনি বলেন, আপনি কি লক্ষ্ম করেন না, লোকে প্রচুর দোয়া করে কিন্তু তাদের দোয়া কতা কম কবুল হয়? তার কারণ এই য়ে, মহামহিম আল্লাহ অন্তর নিঃসৃত দোয়া ছাড়া কবুল করেন না। আমি বললাম, আবদুল্লাহ (রাঃ)-ও কি তাই বলেননি? তিনি জিজ্জেস করেন, তিনি কি বলেছেন? তিনি বলেন, আবদুল্লাহ (রাঃ) বলেছেন, আল্লাহ এমন লোকের দোয়া কবুল করেন না, য়ে লোককে শুনাবার জন্য, প্রদর্শনীর জন্য এবং অভিনয়ের ভঙ্গিতে দোয়া করে। কিন্তু যে ব্যক্তি অন্তরের অন্তস্থল থেকে দোয়া করে তিনি তার দোয়া কবুল করেন। রবী বলেন, আলকামা (রহঃ)-এর স্মরণ হলে তিনি বলেন, হাঁ (তিনি তাই বলেছেন)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন